# ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ
# TRAINING INSTITUTE FOR CHEMICAL INDUSTRIES
(Central Training Institute of Bangladesh Chemical Industries Corporation)

সূত্র নং: ৩৬.০১.৬৮৬৩.৭৩৬.০৩.০০২.২৩/ তারিখ: ১২-০৬-২০২৩ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই), পলাশ, নরসিংদী-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড | বেতন স্কেল | বয়সসীমা (বছর) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ | ১২ | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ | স্ব-স্ব ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রি অথবা মাস্টার্স ডিগ্রি। উক্ত পদে প্রার্থীদের কম্পোজে প্রতি মিনিটে ইংরেজীতে কমপক্ষে ৩৫ ও বাংলায় কমপক্ষে ২৫ শব্দের গতিসম্পন্ন হতে হবে। |
| ২ | স্টোর কিপার | ১ | ১২ | ১১৩০০-২৭৩০০/- | ১৮-৩০ | স্টোর কিপার পদের জন্য সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রি অথবা মাস্টার্স ডিগ্রি। |
| ৩ | এলডিএ কাম কম্পিউটার অপারেটর | ৪ | ১৬ | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ | এলডিএ কাম কম্পিউটার অপারেটর পদের জন্য সরকারি/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার-এ ন্যূনতম ০৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স পাশসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ। উক্ত পদে প্রার্থীদের কম্পোজে প্রতিমিনিটে ইংরেজিতে কমপক্ষে ৩৫ ও বাংলায় কমপক্ষে ২৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৪ | ফটোকপি মেশিন অপারেটর | ১ | ১৮ | ৮৮০০-২১৩১০/- | ১৮-৩০ | স্ব-স্ব ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসমেত এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ। |
| ৫ | এমএলএসএস | ২ | ২০ | ৮২৫০-২০০১০/- | ১৮-৩০ | এসএসসি/সমমান পরীক্ষায় পাশ। |
| ৬ | নিরাপত্তা প্রহরী | ৫ | ২০ | ৮২৫০-২০০১০/- | ১৮-৪০ | সেনাবাহিনী/পুলিশ বাহিনী/ আনসার বাহিনীর অভিজ্ঞতাসমেত এসএসসি/সমমান পরীক্ষায় পাশ। আনসার বাহিনীর সদস্যদের ক্ষেত্রে Running CC সহ অভিজ্ঞতা সম্পন্ন সদস্যরা অগ্রাধিকার পাবেন। |
| | মোট পদ = ১৪টি | | | | | |

**আবেদনের নিয়ম ও শর্তাবলি:**

১। প্রার্থীকে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদনপত্রে আবেদনকৃত পদের নাম, প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, ১২-০৬-২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়স, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ক্রমানুযায়ী বিস্তারিত উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত করতে হবে। আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ ও ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। ২৫-০৩-২০২০ খ্রি.-এ প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। নিরাপত্তা প্রহরী পদে সেনাবাহিনী/পুলিশবাহিনী/আনসার বাহিনীর অভিজ্ঞতাসমেত সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর।

৩। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/এসএসসি সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনপত্রের সাথে সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থার প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদ, নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। আবেদনকারী কোন মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপিসহ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তান কোটায় নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের এ বিষয়ে দাখিলকৃত সনদ সঠিক মর্মে প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রত্যয়নপত্র প্রাপ্তির পর নিয়োগপত্র প্রদান করা হবে। মুক্তিযোদ্ধা কোটায় চাকরি দাবিদার সকল প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নিম্নে প্রদত্ত নির্ধারিত ছক আলাদা কাগজে পূরণ করে আবেদনপত্রের সাথে পাঠাতে হবে।

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ছক**

| ক্রম | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মুক্তিযোদ্ধার নাম | | |
| (২) | পিতার নাম | | |
| (৩) | উপজেলা/জেলার নাম | | |
| (৪) | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম তারিখ/জন্ম সনদ | | |
| (৫) | মুক্তিবার্তা নাম্বার, গেজেট নাম্বার ও তারিখ | | |
| (৬) | মন্ত্রণালয়ের সনদ নাম্বার, তারিখ ও স্মারক নাম্বার | | |
| (৭) | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | | |
| (৮) | মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | | |
| (৯) | বামুস সনদ নাম্বার ও তারিখ | | |
| (১০) | মুক্তিযোদ্ধার নাতি/নাতনি দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতামাতার জাতীয় পরিচয়পত্র | | |
| (১১) | মুক্তিযোদ্ধার উত্তরাধিকার সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদ | | |
| (১২) | ভারতীয় তালিকার নাম্বার ও কপি (যদি থাকে) | | |

৬। প্রার্থী উপজাতি হলে উপজাতি মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (NOC) দাখিল করতে হবে।

৮। অবসরপ্রাপ্ত সশস্ত্রবাহিনীর সদস্যদের আবেদনের সাথে অবশ্যই ডিসচার্জ বুক/খালাসি বইয়ের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৯। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপিসহ উপস্থিত হতে হবে এবং এক সেট সত্যায়িত কপি জমা দিতে হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

১১। লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের চাকুরিতে প্রথম যোগদান পর্যন্ত কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। আবেদনপত্র সর্বশেষ ১২-০৭-২০২৩ খ্রি.-এর মধ্যে 'নির্বাহী পরিচালক, টিআইসিআই, পলাশ, নরসিংদী' বরাবর পাঠাতে হবে। আবেদনপত্রের সাথে টিআইসিআই-এর অনুকূলে ১ থেকে ২ নম্বর পর্যন্ত পদের জন্য ৩০০/- (তিনশত), ৩ নম্বর পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৪ থেকে ৬ নম্বর পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রেরণ করতে হবে।

১৪। চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে কোন সময় কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, পুলিশ ভেরিফিকেশনে বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে, স্বাস্থ্যগত অযোগ্যতার প্রমান পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোন গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্ষেত্রবিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণ পাওয়া গেলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এরূপ ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন যে কোন পর্যায়ে চাকুরিতে আবেদনকারীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১৬। কর্তৃপক্ষ নিয়োগের যে কোন পর্যায়ে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। এই নিয়োগ ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে), পরীক্ষার সময়সূচি ও ফলাফল টিআইসিআই এর নিজস্ব ওয়েবসাইট www.tici.gov.bd-এ পাওয়া যাবে।

১৫/৬/২০২৩

(দিল আফরোজা আক্তার)
ব্যবস্থাপক (প্রশাসন)
ও
প্রশাসন বিভাগীয় প্রধান
নির্বাহী পরিচালকের পক্ষে